

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম-১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০১.০১.০০৭.০২(খন্ড-৩). ২০১৪

তারিখ: ২৭/১০/২০১৯খ্রি।


পরিপত্র

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর বোর্ড তহবিল হতে প্রদেয় অনুদানে (জটিল চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও শিক্ষাবৃত্তি) বোর্ডের নিবন্ধিত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীদের অন্তর্ভুক্তি সংক্রান্ত।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে অসামরিক প্রশাসনে নিয়োজিত সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ জটিল ও ব্যয়বহুল চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও শিক্ষাবৃত্তি অনুদানের সুবিধাসমূহ পেয়ে থাকেন। কিন্তু, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর নিজস্ব কর্মচারীগণ এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোর কর্মচারীগণ এসব সুবিধা পান না। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ সালের ০১নং আইনের ২ (ঝ) ধারা অনুসারে বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের কর্মচারী হিসেবে সংজ্ঞায়িত করায় তাঁরাও বোর্ড তহবিল হতে প্রদেয় হারে জটিল চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও শিক্ষাবৃত্তি অনুদানের সুবিধা পাবেন।

০২। গত ৩১/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২৮তম সভায় এ অনুদানসমূহ (জটিল ও ব্যয়বহুল চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও শিক্ষাবৃত্তি) বোর্ড এর নিজস্ব কর্মচারীগণ এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোর কর্মচারীগণকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে এখন হতে বোর্ড এর নিজস্ব কর্মচারীগণ এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোর কর্মচারীগণ বর্ণিত সুবিধাদি পাবেন।

০৩। এটি অবিলম্বে কার্যকর হবে।



সত্যব্রত সাহা

মহাপরিচালক(সচিব)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

ফোন: ৯৩৪৯৩২৩

ই-মেইল:dg@bkkb.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক(প্রশাসন)/পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
- ০৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সচিব মহোদয়কে অবহিতকরণের জন্য)
- ০৫। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। উপপরিচালক(প্রশাসন)/উপপরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/
রংপুর/ময়মনসিংহ।